অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে আর্থিক ব্যবস্থাপনা পরিষেবার সুযোগ-সুবিধা ও অ্যাক্সেস উন্নত করার প্রতিশ্রুতি নিশ্চিত করেছেন

আর্থিক ব্যবস্থাপনা পরিষেবা বিভাগের নির্দেশিকা কমিউনিটির উন্নয়ন ও আদর্শ–ভিত্তিক সংগঠনগুলিতে ক্রমাগত বিনিয়োগকে উৎসাহিত করবে

গভর্নরের নেতৃত্বাধীন সুবিধাবঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য আর্থিক সহায়তা সম্প্রসারণের জন্য স্টেটের রেকর্ডের উপর নির্ভর করে গড়ে উঠেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক আর্থিক ব্যবস্থাপনা পরিষেবা বিভাগ (New York State Department of Financial Services, DFS)-কে নতুন সুপারিশ প্রদান করেছেন যা স্টেট চার্টার্ড ব্যাংকগুলোকে কমিউনিটি ডেভেলপমেন্ট ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন (Community Development Financial Institutions, CDFI)- এ ঋণ প্রদান করার বা বিনিয়োগের জন্য কমিউনিটি রিইনভেস্টমেন্ট অ্যাক্ট (Community Reinvestment Act, CRA) ক্রেডিট পাওয়ার সুযোগ প্রদান করবে — এমনকি যদি তাদের 2024 সালের ফেডারেল সার্টিফিকেশনের মেয়াদোত্তীর্ণ হয়ে যায়। এই পদক্ষেপটি CDFI তে গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলিকে রক্ষা করতে সাহায্য করবে যা সংখ্যালঘু কমিউনিটিগুলির মধ্যে সাশ্রয়ী মূল্যের আবাসন, ক্ষুদ্র ব্যবসায় অর্থায়ন ও অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলোর অ্যাক্সেস বৃদ্ধি করতে ব্যবহৃত হতে পারে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য — তারা যেখানেই বসবাস করুক না কেন — সাশ্রয়ী মূল্যের ও নির্ভরযোগ্য আর্থিক ব্যবস্থাপনা পরিষেবায় অ্যাক্সেস ও উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে প্রয়োজনীয় সংস্থানগুলোর অ্যাক্সেস পাওয়ার অধিকার রয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "যখন ওয়াশিংটনের রিপাবলিকানরা কমিউনিটি ডেভেলপমেন্ট ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন (Community Development Financial Institutions)-গুলোকে ক্ষতি করার এবং কর্মজীবী পরিবারগুলোর জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলো ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে, তখন নিউ ইয়র্ক তার নিজের ভবিষ্যৎ নিজেই তৈরি করার উপায় অবলম্বন করে। আর্থিক ব্যবস্থাপনা পরিষেবা বিভাগ (Department of Financial Services, DFS) এর নতুন নির্দেশিকা CDFI এর প্রতি আমাদের সমর্থনকে আরও জোরালো করে, তাদের ক্ষুদ্র ব্যবসার অগ্রগতি বৃদ্ধি করতে সক্ষম করে তোলে, বাড়ির মালিকানার সুযোগ তৈরি করতে, এবং প্রায় উপেক্ষিত এলাকাগুলোতে সুযোগ বৃদ্ধি করে। আমাদের শক্তিশালী বিনিয়োগের রেকর্ডের উপর ভিত্তি করে এবং ঝুঁকিপূর্ণ

সময়ে নিশ্চয়তা প্রদান করে, আমরা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়িতা ও সমৃদ্ধি বৃদ্ধি করছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট Adrienne A. Harris (অ্যাড্রিয়েন এ. হ্যারিস) বলেন, "CDFI অবমূল্যায়িত নিউ ইয়র্কবাসীদেরকে মূলধন ও ঋণে অ্যাক্সেস নিশ্চিত করতে, অর্থনৈতিক উন্নয়ন পরিচালনা করতে, কর্মসংস্থান বৃদ্ধি করতে, সমৃদ্ধি অর্জন করতে করার ক্ষেত্রে সম্মুখ সারিতে রয়েছে। সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সুবিধাজনক আর্থিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বিভাগটি CDFI-কে ক্রমাগত সাহায্য করতে পেরে গর্বিত।"

আজকের পদক্ষেপটি সম্প্রতি CDFI, মাইনোরিটি ডিপোজিটরি ইনস্টিটিউশন্স (Minority Depository Institutions, MDIs) ও নিউ ইয়র্কের বৃহত্তম ব্যাংগুলির সিনিয়র প্রতিনিধিদের সাথে একটি বৈঠকের পর নেওয়া হয়েছে, যাতে এই প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করার এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলির জন্য মূলধনের অব্যাহত অ্যাক্সেস নিশ্চিত করার পদক্ষেপগুলো নিয়ে আলোচনা করা যায়। এই নির্দেশিকাটি স্পষ্ট করে যে যেসব CDFI তাদের কর্মসূচি বা মিশনের সাথে সম্পর্কহীনভাবে ফেডারেল CDFI ফান্ড সার্টিফিকেশনের ত্রুটি অনুভব করে, তাদের বরাদ্দ অব্যাহত রাখার একটি সুযোগ রয়েছে, যা নিশ্চিত করতে সাহায্য করে যে ফেডারেল অনিশ্চিয়তা কমিউনিটি-ভিত্তিক সংগঠনগুলিকে অস্থিতিশীল করে তুলবে না। ব্যাংক ও CDFI-এর জন্য নিশ্চয়তা প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক নিশ্চিত করছে যে উদ্দেশ্য-ভিত্তিক ঋণদাতাগণ উল্লেখযোগ্য আর্থিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে প্রায় অবহেলিত এলাকাগুলিতে গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহ সম্পূর্ণ এবং সরবরাহ করতে পারে।

আজকের DFS এর পদক্ষেপের পাশাপাশি, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্ক জুড়ে CDFI গুলিকে সহায়তা করার একটি শক্তিশালী অর্জনের রেকর্ড তৈরি করেছে, যা গত পাঁচ বছর ধরে CDFI সমূহকে 18 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ প্রদান করেছে। ESD ক্ষুদ্র ব্যবসার জন্য দশটি নতুন অ্যাক্সেস ও ইক্যুইটি কর্মসূচি প্রতিষ্ঠা করার জন্য স্টেট স্মল বিজনেস ক্রেডিট ইনিশিয়েটিভ (State Small Business Credit Initiative) এর মাধ্যমে বরাদ্দকৃত 500 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বরাদ্দও ব্যবহার করেছে, যার মধ্যে বেশ কয়েকটি CDFI-এর সহযোগিতায় মূলধন বিতরণ করে। ইতোমধ্যেই, ESD স্মল বিসনেস রিভলভিং লোন ফান্ড (Small Business Revolving Loan Fund) এর 2.0 এর মাধ্যমে 16টি CDFI- কে 35.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে ও কন্ট্রাক্টর ফাইন্যান্সিং প্রোগ্রাম (Contractor Financing Program) এর মাধ্যমে 7টি CDFI সংযোগীদেকে আরো 18.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করেছে। সম্মিলিতভাবে, এই উদ্যোগগুলো হাজার হাজার নিউ ইয়র্কবাসীদেরকে – বিশেষ করে অর্থিকভাবে বঞ্চিত ও পর্যাপ্ত মূলধনের অভাবে থাকা ব্যক্তি ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান ও ব্যক্তিগত ব্যবসা প্রতিষ্ঠানগুলির – ব্যাংক অ্যাকাউন্ট খুলতে, প্রযুক্তিগত সহায়তা প্রদান ও তাদের কমিউনিটিতে সম্পদ ও দৃঢ়তা তৈরি করার জন্য সাশ্রয়ী মূল্যের ঋণ পেতে সাহায্য করেছে।

নিউ ইয়র্কে 80টিরও বেশি অনুমোদিত CDFI ও 46টি MDI রয়েছে, যেগুলো যৌথভাবে কোটি কোটি ডলারের মর্টগেজ, ক্ষুদ্র ব্যবসার ঋণ ও কমিউনটি উন্নয়ন প্রকল্প প্রদান করে যা অর্থনৈতিক অগ্রগতি ও আর্থিক ন্যায্যতা নিশ্চিত করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসী, তাদের জিপ কোড নির্বিশেষে, সাশ্রয়ী মূল্যের ঋণ ও আর্থিক ব্যবস্থাপনা পরিষেবাগুলোতে অ্যাক্সেস পেতে পারে তা নিশ্চিত করার ক্ষেত্রে কমিউনিটি ডেভেলপমেন্ট ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন (Community Development Financial Institutions) গুরুত্বপূর্ণ সহযোগী। গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) CDFI গুলোকে শক্তিশালী করতে এবং উল্লেখযোগ্য ব্যাংকিং এর মাধ্যমে প্রায় উপেক্ষিত কমিউনিটিগুলিতে মূলধন, প্রশিক্ষণ ও সুযোগ প্রদানের ক্ষেত্রে তাদের ক্ষমতায়নের জন্য কয়েক মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। আজকের উদ্যোগটি সেই অঙ্গীকারকে জোরালো করে এবং নিশ্চিত করে যে উদ্দেশ্য-ভিত্তিক ঋণদাতাগণ ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের অগ্রগতি, পরিবারগুলোর সম্পদ গড়তে এবং এলাকাগুলিকে সমৃদ্ধ করতে সাহায্য করতে পারে।"

সিনেটর চার্লস শুমার বলেন, "বাফেলো থেকে আলবানি পর্যন্ত, CDFI নতুন বাড়ি তৈরি করতে, আবাসন খরচ হ্রাস করতে, স্বাস্থ্যসেবা উন্নত করতে, নতুন ব্যবসা প্রতিষ্ঠান শুরু করতে এবং নিউ ইয়র্ক জুড়ে প্রধান সড়কগুলি সংস্কার করার জন্য ব্যবহৃত হয়। এই নতুন দিকনির্দেশনা নতুন পরিবার থেকে শুরু করে যারা তাদের প্রথম বাড়ি কিনতে চাচ্ছেন তারা থেকে শুরু করে উদ্যোক্তরা যারা ক্ষুদ্র ব্যবসা শুরু বিস্তৃত করছে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আর্থিক ব্যবস্থাপনা পরিষেবা সম্প্রসারণ করতে সাহায্য করবে ট্রাম্পের বাজেট হ্রাসের ফলে এই ধরণের কর্মসূচিগুলি অবরুদ্ধ থাকা অবস্থায়, বিদ্যমান বিনিয়োগগুলি সুরক্ষতি রাখা ও নিউ ইয়র্কের মূল সড়ক ও মধ্যবিত্ত শ্রেনির জন্য সাহায্য অব্যাহত রাখা আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কের সকলকে আর্থিক সেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গভর্ণর হোকলের সহযোগিতার জন্য আমি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর James Sanders Jr. (জেমস স্যান্ডার্স জুনিয়র) বলেন, "আমি গভর্নর Hochul (হোকল)-কে কমিউনিটি ডেভেলপমেন্ট ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন (Community Development Financial Institutions, CDFI) কে সাহায্য করার ক্ষেত্রে তার উদ্যোগের জন্য অভিনন্দন জানাই। আমাদের নিশ্চিত করতে হবে যে নিউ ইয়র্কের CDFI-গুলো ভালো ও কার্যকর, কার তারা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে সুযোগ সুবিধা বৃদ্ধি করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

অ্যাসেম্বলিমেম্বার Al Stirpe (আল স্টার্পে) বলেন, "CDFI হলো সুবিধাবঞ্চিত কমিউনিটির অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ প্রবেশপথ, যা অর্থনৈতিক বাধা ও উল্লেখযোগ্য ব্যাংকগুলির আওতার বাইরে যেসকল সুযোগ থাকে সেগুলোর মধ্যে মিলবন্ধন তৈরি করে। নিউ ইয়র্ক স্টেটের ৪০টিরও বেশি ও উদীয়মান CDFI-তে করা প্রতিটি বিনিয়োগ ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে উৎসাহ প্রদান করার জন্য একটি বিনিয়োগে রূপান্তরিত হয়, বাড়ির মালিকানার সুযোগ বৃদ্ধি করে এবং অর্থনৈতিক সাফল্য অর্জন করতে সকল কমিউনিটিকে উৎসাহিত করে।"

অ্যাসেম্বলিমেম্বার Clyde Vanel (ক্লাইড ভ্যানেল) বলেন, "আমাদের কমিউনিটিগুলোতে গুরুত্বপূর্ণ বিনিয়োগের ধারা অব্যাহত রাখার জন্য গভর্নর Hochul (হোকল) ও আর্থিক পরিষেবা বিভাগ এর কাজের জন্য আমি তাদের প্রশংসা করি। কমিউনিটি ডেভেলপমেন্ট ফিনান্সিয়াল ইনস্টিটিউশন্স গুলো ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানগুলো, প্রথমবার বাড়ি কিনতে যাওয়া ব্যক্তি ও যারা

প্রচলিত ব্যাংকিং সেবায় অ্যাক্সেস পায় না এমন পরিবারসমূহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দিকনির্দেশনা এলাকাভিত্তিক অর্থনীতিকে সেগুলির উন্নয়নের জন্য প্রয়োজনীয় স্থিতিশীলতা ও নিশ্চয়তা প্রদান করবে এবং এটি সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ বৃদ্ধি করবে।"

অ্যাসেম্বলি মেম্বার Marianne Buttenschon (মারিয়ান বাটেনশচন) বলেন, "DFS এর মাধ্যমে এই উদ্যেগগুলি নিশ্চিত করে যে আমাদের উদ্দেশ্য-ভিত্তিক ঋণদাতাগণ সেই সব পরিবার ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে ক্রমাগত পরিসেবা প্রদান করা চালিয়ে যেতে পারে যারা উল্লেখযোগ্য ব্যাংকগুলিতে প্রায় অবহেলার শিকার হয়। মোহক ভ্যালিতে, CDFI গুলো প্রথম বারের মত বাড়ির ক্রেতা, ক্ষুদ্র ঠিকাদার ও স্থানীয় উদ্যেক্তাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সহযোগী। এই উদ্যেগ ব্যতিত, আমাদের CDFI গুলো প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার সুবিধা হারাবে, যা তাদের নিজের কোনও দোষের কারণে নয়, বরং ফেডারেল অনিশ্চয়তার কারণে। নির্ভরযোগ্যতা ও নিরপেক্ষতা প্রদান ও এই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য এজেন্সি ও গভর্নরের উদ্যোগের আমি প্রসংসা করি।"

এই ঘোষণাটি গভর্নর Hochul (হোকল) এর সাশ্রয়ী ও ন্যায়পরায়ণতার প্রতি চলমান প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গড়ে ওঠে, যা নিশ্চিত করে যে নিউ ইয়র্কের উদ্দেশ্য-ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানগুলি ও তাদের উপর নির্ভরশীল কমিউনিটিগুলিকে সহায়তা করার ক্ষেত্রে ক্রমাগত নেতৃত্ব প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন